দৈনিক ইত্তেফাক

33

তারিখ ... APR. 23 2000
পৃষ্ঠা ... 2 কলাম 1

# পরীক্ষায় অসদুপায় অবলম্বন প্রসঙ্গে

পরীক্ষায় উত্তীর্ণ হইবার জন্য অসদুপায় অবলম্বন করা যেন আজকাল সাধারণ ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে। এমনকি পরীক্ষার হলে নকলের ব্যাপারে অনেক অভিভাবককে উদ্যোগী হইতে দেখা যায়। তাঁহাদের মধ্যে এই ধরনের মনোভাব ক্রিয়াশীল যে, পরীক্ষা মানেই নকল। আর এই প্রবণতার কারণেই লেখাপড়ার প্রতি একশ্রেণীর শিক্ষার্থীর মনোযোগ কমিয়া গিয়াছে। দুর্নীতির মাধ্যমে অর্জিত ডিগ্রী জীবনে কোন কাজে আসে না। পরীক্ষার অসদুপায় অবলম্বের ফলে জ্ঞানার্জনের ক্ষেত্রে যে ফাঁক থাকিয়া যাইতেছে, তাহা আর পরবর্তীকালে কোনভাবেই পূরণ করা যায় না। শিক্ষাকে অর্থবহ করিয়া তুলিবার স্বার্থেই পরীক্ষায় নকল প্রতিরোধ করা একান্ত প্রয়োজন। তবে এ জন্য প্রয়োজন শান্ত শিক্ষাঙ্গন, আন্তরিক শিক্ষক, নিষ্ঠাবান শিক্ষার্থী এবং সচেতন অভিভাবক। যাহা হউক, আগামী ২৭-৪-২০০০ তারিখ হইতে শুরু হইবে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। এই পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হইবে– এতোটা আশা না করিলেও অন্তত যাহাতে যথাসম্ভব সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারে, সেজন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক চেষ্টা থাকিবে বলিয়া আশা করি।

মোঃ কাউসর আলম মিয়াজী,
গ্রাম ঃ লক্ষীপুরা,
ডাকঃ মাহিনী বাজার,
উপজেলা ঃ নাঙ্গলকোট,
জেলা ঃ কুমিল্লা।